# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

স্মারক নং- জঃপৌঃসঃ/প্রকৌঃ/২০২০-২০২১/৩৬ তারিখ- 09/07/2020

## সভার নোটিশ

জয়পুরহাট পৌরসভার দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটির (অতিরিক্ত স্থায়ী কমিটি) সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, কমিটির সভা ১৩/০৭/২০২০ খ্রিঃ তারিখ রোজঃ সোমবার বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

আপনাকে যথা সময়ে সভায় উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচীঃ

১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।
২। বস্তি উন্নয়নের আওতায় পরিচালিত ভৌত অবকাঠামোর অগ্রগতি প্রসঙ্গে।
৩। পৌরসভার দরিদ্র এলাকায় নিয়মিত করোনা ভাইরাস বিষয়ে সচেতনাত মূলক কর্মসূচী অংশ হিসেবে হ্যান্ড গ্রোভস্ , মাস্ক সহ স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী বিতরন।
৪। বিবিধ।

(মোঃ বিপুল খান)
সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি
(অতিরিক্ত স্থায়ী কমিটি)
ও কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬
জয়পুরহাট পৌরসভা।

প্রাপকঃ

.............................................................

সদস্য/প্রতিনিধি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটি (অতিরিক্ত স্থায়ী কমিটি)
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়

## জয়পুরহাট।

### সভা নং-৭৩

**দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি'র (অতিরিক্ত স্থায়ী কমিটি) অনুষ্ঠিত সভার কার্যবিবরনীঃ-**

| | |
|---|---|
| সভাপতি | ঃ জনাব মোঃ বিপুল খান, কাউন্সিলর, ওয়ার্ড নং-৬, জয়পুরহাট পৌরসভা। |
| সভার স্থান | ঃ পৌরসভা মিলনায়তন। |
| তারিখ | ঃ ১৩/০৭/২০২০খ্রিঃ। |
| রোজ | ঃ সোমবার। |
| সময় | ঃ বেলা ১১.০০ ঘটিকা। |

উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর।

| ক্রঃনং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ২ | মোঃ বিপুল খান | কাউন্সিলর, ওয়ার্ড নং-৬, জয়পুরহাট পৌরসভা | সভাপতি | স্বাক্ষরিত |
| ৩ | মিসেস রোজী বেগম | কাউন্সিলর, সংরক্ষিত-১, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ৪ | মোছাঃ ফেন্সী আরা | কাউন্সিলর, সংরক্ষিত-৩, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ৫ | মোঃ দেওয়ান ইকবাল হোসেন | কাউন্সিলর, ওয়ার্ড নং-৫, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ৬ | এ টি এম মোস্তাফিজুর রহমান | নির্বাহী প্রকৌশলী, জয়পুরহাট পৌরসভা | প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ৭ | মোছাঃ শাহানাজ বেগম | সমাজ সেবী | দরিদ্র শ্রেণির প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ৮ | মোছাঃ মর্জিনা বেগম | সমাজ সেবী | দরিদ্র শ্রেণির প্রতিনিধি | স্বাক্ষরিত |

**আলোচ্য বিষয় ঃ ১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।**

**আলোচনা** ঃ- গত ০৯/০৬/২০২০খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

**সিদ্ধান্ত** ঃ- গত ০৯/০৬/২০২০খ্রিঃ তারিখে সভার কার্যবিবরনী যথাযথভাবে লিপিবদ্ধ হওয়ায় কোনরূপ সংশোধনী ছাড়াই তা সর্ব সম্মতিক্রমে দৃঢ়করণ করা হলো।

**২নং আলোচ্য বিষয় ঃ বস্তি উন্নয়নের আওতায় পরিচালিত ভৌত অবকাঠামোর অগ্রগ্রতি প্রসঙ্গে।**

আলোচনাঃ সভাপতি আলোচ্য বিষয়ে বলেন, আপনারা অবগত আছেন করোনা ভাইরাসের কারনে দীর্ঘদিন বস্তিতে নির্মাণাধীন কাজ বন্ধ ছিল। পুনরায় গত জুন/২০২০ মাস থেকে সীমিত পরিসরে কাজ হয়েছে। আলোচনা কালে মোঃ হাসানুজ্জামান, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা ও সদস্য সচিব, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি ৩০ জুন/২০২০ পর্যন্ত নিম্নোক্ত ভাবে কাজের অগ্রগতি হয়েছে বলে সভায় জানান।

| ক্রঃনং | বস্তির নাম | ২য় কিস্তিতে বাস্তবায়িত | মোট বাস্তবায়িত কাজ |
|---|---|---|---|
| ১ | তাঁতীপাড়া | ২৩% | ৪৮% |
| ২ | রইচপাড়া মুহিত পুকুরপাড় | ২৩% | ৪৮% |
| ৩ | যমুনা বাঁধপাড়া | ২১% | ৪৬% |
| ৪ | তাজুর মোড় | ১৫% | ৪০% |
| ৫ | বিশ্বাসপাড়া রেল কলোনী | ২০% | ৪৫% |
| ৬ | চিনিকল হরিজন কলোনী | ১৩% | ৩৮% |
| ৭ | বঙ্গবন্ধুপাড়া | ২০% | ৪৫% |

মোছাঃ রোজী বেগম, কাউন্সিলর, সংরক্ষিত-১, জয়পুরহাট পৌরসভা বলেন, উপরোক্ত অগ্রগতির রির্পোট দেখে প্রতীয়মান হয় যে, অনেক বস্তিতে ২য় কিস্তির কাজ প্রায় শেষ পর্যায়ে। আবার তাজুর মোড় ও হরিজন কলোনী তে কাজের অগ্রগতি কম, তাই এসব বস্তির কমিটিকে দ্রুত শেষ করার ব্যাপারে তাগিদা দিতে হবে। বিষয়টি নিয়ে উপস্থিত সদস্যদের মধ্যে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত ঃ** কাজের গুনগতমান বজায় রেখে ২য় কিস্তির কাজ শেষ করার ব্যাপারে বস্তি উন্নয়ন কমিটির সভাপতিদের তাগিদা দেওয়া, বিশেষ করে যেসব বস্তির কাজের অগ্রগতি কম তাদের কে দ্রুত কাজ শেষ করার ব্যাপারে তাগিদা দেওয়ার জন্য বস্তি উন্নয়ন কর্মকর্তা কে দায়িত্ব প্রদান করা হলো।

**আলোচ্য বিষয়-৩ ঃ পৌরসভার দরিদ্র এলাকায় নিয়মিত করোনা ভাইরাস বিষয়ে সচেতনাত মূলক কর্মসূচী অংশ হিসেবে হ্যান্ড গ্রোভস্ , মাস্ক সহ স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী বিতরন।**

আলোচনাঃ সভাপতি আলোচ্য বিষয়ে বলেন, পৌরসভা হতে নিয়মিত করোনা ভাইরাস প্রতিকারের উপায় সমূহ বিষয়ে সচেতন করা হচ্ছে। যেমন- নিয়মিত সচেতনতা মূলক মাইকিং, লিফলেট বিতরন, বিভিন্ন দর্শনীয় স্থানে ব্যানার স্থাপন করা হয়েছে। মেয়র মহোদয় বিভিন্ন দরিদ্র এলাকায় গিয়ে জনগনের সাথে কুশল বিনিময় করে, তাদের মাঝে স্বাস্থ্য সুরক্ষা সামগী বিতরন করে। আলোচনা কালে এ টি এম মোস্তাফিজুর রহমান,নির্বাহী প্রকৌশলী (ভাঃ),জয়পুরহাট পৌরসভা বলেন, আপনারা অবগত আছেন করোনা কালীন সময়ে মেয়র মহোদয় পৌরসভার রাজস্ব খাত থেকে এবং নিজের ব্যক্তিগত তহবিল থেকে ব্যপক ত্রান সহায়তা করেন, এখনো তা অব্যহত আছে। মোছাঃ শাহানাজ বেগম, দরিদ্র শ্রেণীর প্রতিনিধি বলেন, ইদানিং দেখা যাচ্ছে লোকজনের মধ্যে স্বাস্থ্যবিধি মেনে চলার ক্ষেত্রে অনীহা, বিশেষ করে মাস্ক পরা খুব জরুরী একটি বিষয়, কিন্তু বেশির ভাগ মানুষ মাস্ক না পরে বাহিরে বের হচ্ছে। মাস্ক বিতরনের জন্য মেয়র মহোদয়কে ধন্যবাদ জানান। বিষয়টি নিয়ে উপস্থিত সদস্যদের মধ্যে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত ঃ** করোনা ভাইরাস থেকে প্রতিকারের উপায় হিসেবে সবাইকে স্বাস্থ্যবিধি মেনে চলা এবং বাড়ীর বাহিরে গেলে মাস্ক পরিধানে সচেতন করার বিষয়ে বিভিন্ন কর্মসূচী গ্রহন করার বিষয়ে সিদ্ধান্ত হয়।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে পুনরায় ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ বিপুল খান)
সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি
(অতিরিক্ত স্থায়ী কমিটি)
ও কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬
জয়পুরহাট পৌরসভা।

স্মারক নং-জঃপৌঃসঃ/প্রকৌঃ/২০১৯-২০/৫০

তারিখ- ১৬/০৭/2020

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ**

১। মেয়র, জয়পুরহাট পৌরসভা
২। জনাব/জনাবা ........................................................ সদস্য
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি (অতিরিক্ত স্থায়ী কমিটি)
৩। অফিস নথি।

(মোঃ বিপুল খান)
সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি
(অতিরিক্ত স্থায়ী কমিটি)
ও কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

জয়পুরহাট পৌরসভার দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটির (অতিরিক্ত স্থায়ী কমিটি) সভায় উপস্থিত সম্মানিত সদস্য বৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর নিম্নরূপ- (স্বাক্ষরের ক্রমানুসারে)

সভাপতি ঃ জনাব মোঃ বিপুল খান, কাউন্সিলর, সংরক্ষিত-৬, জয়পুরহাট পৌরসভা।
সভার স্থান ঃ পৌর মিলনায়তন।
তারিখ ঃ ১৩/০৭/২০২০ ইং।
রোজ ঃ সোমবার।
সময় ঃ ১১.০০ ঘটিকা।

| ক্রঃনং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ২ | মোঃ বিপুল খান | কাউন্সিলর, ওয়ার্ড নং-৬, জয়পুরহাট পৌরসভা | সভাপতি | [signature] |
| ৩ | মিসেস রোজী বেগম | কাউন্সিলর, সংরক্ষিত-১, জয়পুরহাট পৌরসভা | সদস্য | [signature] |
| ৪ | মোছাঃ ফেন্সী আরা | কাউন্সিলর, সংরক্ষিত-৩, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ৫ | মোঃ দেওয়ান ইকবাল হোসেন | কাউন্সিলর, ওয়ার্ড নং-৫, জয়পুরহাট পৌরসভা | সদস্য | [signature] |
| ৬ | এ টি এম মোস্তাফিজুর রহমান | নির্বাহী প্রকৌশলী(ভাঃ) জয়পুরহাট পৌরসভা | প্রতিনিধি | [signature] |
| ৭ | মোছাঃ শাহানাজ বেগম | সমাজ সেবী | দরিদ্র শ্রেণির প্রতিনিধি | শাহানাজ |
| ৮ | মোছাঃ মর্জিনা বেগম | সমাজ সেবী | দরিদ্র শ্রেণির প্রতিনিধি | মর্জিনা |